



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ কুড়িগ্রাম -৮৩/১০৭১/৪

তারিখঃ ১৪.০৭.২০১৯খ্রিঃ

বিষয়ঃ সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল আজিজ মিয়া-কে বিধি মোতাবেক বেতন- ভাতা প্রদান প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-৮৩/১০৭১/৪; তারিখ: ১৬/০৫/২০১৯।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন মধুপুর সরকারপাড়া হরিফিয়া দাখিল মাদ্রাসার ইবতেদায়ী প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ আব্দুল আজিজ ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ জয়নুল আবেদীনের বিরুদ্ধে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, সভাপতি ও সুপারের যোগসাজসে মিথ্যা অভিযোগে বিগত ১৭/১২/২০১১ খ্রি. তারিখে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৬৫৭/১৫ এর প্রেক্ষিতে প্রদত্ত রায় এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪; তারিখ: ০৬/০৮/২০১৭খ্রিঃ ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক নং-৫৭.২৫.০০০০.০০৪.০৪.০০১.১৭.৪; তারিখ: ২৬/০৯/২০১৭ খ্রিঃ স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন দ্বারা কোন শিক্ষককে ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত না রাখার এবং ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু সুপার ও সভাপতি বেতন-ভাতা প্রদান না করে তার নিকট পাঁচ লক্ষ টাকার উৎকোচ দাবি করেন এবং উক্ত টাকা পরিশোধ করলে বকেয়া বিলে স্বাক্ষর করবেন মর্মে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে সভাপতি ও সুপারকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সুপার জবাব দাখিল করলেও সভাপতি কর্তৃক জবাব দাখিল করা হয়নি। সুপার তার জবাবে উল্লেখ করেন-সাময়িক বরখাস্তকৃত শিক্ষক জনাব মোঃ আব্দুল আজিজ মিয়া তার সাময়িক বরখাস্তকে চ্যালেঞ্জ করে যুগ্ম জেলা জজ ১ম আদালত, কুড়িগ্রামে ০৩/২০১২ মামলা দায়ের করেন। উক্ত মামলাটি চলমান থাকায় তাকে চূড়ান্ত বরখাস্ত করা সম্ভব হয়নি।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ, শিক্ষা মন্ত্রণালয় এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল আজিজের চলমান মামলাটির রায় না হওয়া পর্যন্ত বিধি মোতাবেক বেতন-ভাতা প্রদান করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১। সভাপতি, মধুপুর সরকার পাড়া হরিফিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: ধরনীবাড়ী, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।

২। সুপার, মধুপুর সরকার পাড়া হরিফিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: ধরনীবাড়ী, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।

নং-বামাশিবো/প্রশাসন/ কুড়িগ্রাম -৮৩/১০৭১/৪

তারিখঃ ১৪.০৭.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
৪. জনাব মোঃ আব্দুল আজিজ, ইবতেদায়ী প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত)
মধুপুর সরকার পাড়া হরিফিয়া দাখিল মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন নং ৯৬৭৪৮৭৪